তারিখ ... 18 OCT 1998 ...
পৃষ্ঠা: ... কলাম ...

# বরিশালে পরীক্ষকের বাসা থেকে পরীক্ষার সংরক্ষিত খাতা লুট

## তিন জন গ্রেফতার

**বরিশাল, ১৭ অক্টোবর (নিজস্ব প্রতিনিধি)** ঃ যশোর বোর্ডের একজন প্রধান পরীক্ষকের সিএন্ডবি রোডস্থ বাসা থেকে শুক্রবার রাতে এসএসসি পরীক্ষার সংরক্ষিত ৮২০০ উত্তরপত্র লুট হয়। পুলিশ রাতেই বিভিন্ন স্থানে তল্লাশী চালিয়ে উত্তরপত্র উদ্ধার এবং তরিকুল, আলম ও জুয়েল নামে তিন যুবককে গ্রেফতার করে।

পুলিশ জানায়, রাত সাড়ে আটটার দিকে ১৫/২০ জন সন্ত্রাসী পরীক্ষকের বাসায় হামলা চালিয়ে ঐ খাতা লুট করে। খবর পেয়ে পুলিশ খাতাসহ তিনজনকে গ্রেফতার করে। মাধবপাশা বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আঃ সত্তার প্রধান পরীক্ষক হিসেবে এবছর বাংলা বিষয়ের ৮৩০০ উত্তরপত্র পান। নিয়মানুযায়ী পরীক্ষার ফল প্রকাশিত হবার পরও ঐ উত্তরপত্র এক বছর তার কাছে থাকবে। উত্তরপত্র লুটের উদ্দেশ্য জানা যায়নি। তবে ঐ শিক্ষক মামলায় জানান, তাকে বিপদে ফেলার জন্য লুটের ঘটনা ঘটানো হয়েছে। এ ঘটনার সঙ্গে মাধবপাশা ইউনিয়নের চেয়ারম্যান সুলতান আহম্মদ জড়িত বলে এফআইআরে তিনি উল্লেখ করেন। এফআইআরে গ্রেফতারকৃত তিনজনসহ পাঁচজন আসামী রয়েছে। গ্রেফতারকৃতরা সিএন্ডবি রোডের একজন সন্ত্রাসীর নাম উল্লেখ করে জানায়, ঐ সন্ত্রাসী তাদের ঐ স্থানে নিয়ে গিয়েছিল। তারা লুটের সঙ্গে জড়িত নয়। পুলিশ ঐ সন্ত্রাসীকে গ্রেফতার করেনি।